শ্রেণি: এইচএসসি

বিষয়: মনোবিজ্ঞান ২য় পত্র

বিষয়বস্তু: বহুনির্বাচনী প্রশ্ন

১২৫ টি
মোট প্রশ্ন

১২৫ টি
ইউনিক প্রশ্ন

**স্মার্ট সাইট ও অ্যাপের বিশেষ ফিচারসমূহ**

✓ উত্তর, ব্যাখ্যা ও AI ডাউট সলভিং
✓ দেশসেরা লিডারবোর্ড
✓ প্রোগ্রেস এনালিটিক্স
✓ AI অ্যাসিসটেন্ট ও সলভার
✓ বিশাল সংখ্যক প্রশ্ন ব্যাংক
✓ কাস্টম মক টেস্ট

QR স্ক্যান করে প্র্যাকটিস করুন

স্যাট একাডেমি

# # বহুনির্বাচনী প্রশ্ন

১. রনি একই সাথে দুটি ভাল খাবার পেল, কোনটি আগে গ্রহণ করবে? এখানে রনি কোনটির সম্মুখীন হয়েছে?

**(ক)** দ্বন্দ্বের (খ) প্রতিযোগিতার
(গ) হতাশার (ঘ) উচ্চাশার

২. পরস্পর বিরোধী শক্তি গুলোকে ইদম, অহম ও অতি অহম নাম কে দিয়েছেন?

**(ক)** ফ্রয়েড (খ) ক্যাপ্লান
(গ) মর্গান (ঘ) সক্রেটিস

৩. মূল্যবোধ এক ধরনের কী?

**(ক)** আদর্শ (খ) নীতি
(গ) নৈতিকতা (ঘ) সংস্কার

8. কোনটি শিশুর স্বাভাবিক মূল্যবোধ?

**(ক)** ধর্মীয় মূল্যবোধ (খ) তাত্ত্বিক মূল্যবোধ
(গ) রাজনৈতিক মূল্যবোধ (ঘ) অর্থনৈতিক মূল্যবোধ

৫. পারিপার্শ্বিক গোলমাল শিক্ষণকে বিলম্বিত করে-এখানে গোলমাল কি ধরনের চল?

(ক) নির্ভরশীল চল **(খ)** অনির্ভরশীল চল
(গ) মধ্যবর্তী চল (ঘ) অভ্যন্তরীণ চল

৬. যা কিছু পরিবর্তনশীল বা যাকে পরিবর্তন করা যায় তাকে কি বলে?

**(ক)** চল (খ) ঘটনা
(গ) অনুধ্যান (ঘ) কৌশল

৭. ব্যক্তির মূল্যবোধগুলো তার আচরণকে প্রভাবিত করে-

i. পরোক্ষভাবে
ii. প্রত্যক্ষভাবে
iii. সরাসরি

নিচের কোনটি সঠিক?

(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii **(ঘ)** i ii ও iii

৮. নিচের কোনটি মূল্যবোধের উদাহরণ?

(ক) নান্দনিকতা (খ) বিশ্বাস
(গ) কৃষ্টি (ঘ) বুদ্ধি

৯. যেকোনো বৈজ্ঞানিক প্রচেষ্টা শুরু হয় কিভাবে?

(ক) পদ্ধতি অনুসরণ করে
(খ) জানার কৌতূহল থেকে
(গ) গবেষকের গবেষণা থেকে
(ঘ) হস্তক্ষেপের মাধ্যমে

১০. পরীক্ষণকারী পরীক্ষণের প্রয়োজনে তার ইচ্ছা অনুযায়ী কোন চলের হ্রাস বা বৃদ্ধি করতে পারে?

(ক) নির্ভরশীল চলের (খ) অনির্ভরশীল চলের
(গ) বাহ্যিক চলের (ঘ) মধ্যবর্তী চলের

১১. ডেভিড ওয়েকসলার কর্তৃক তৈরিকৃত বুদ্ধি অভীক্ষা-

i. WPPIS
ii. AAIT
iii. WISC

নিচের কোনটি সঠিক?

(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i ii ও iii

১২. স্নায়ুতন্ত্র, গ্রন্থি ও হৃদপিণ্ডের কাজে বাধা দেয় কোনটি?

(ক) মানসিক চাপ (খ) হতাশা
(গ) মানসিক প্রকৃতি (ঘ) স্নায়ুবিক চাপ

১৩. বুদ্ধি কি?

(ক) বিশেষ কোন দক্ষতা (খ) কল্পনাশক্তি
(গ) স্মৃতিশক্তি (ঘ) মানসিক ক্ষমতা

১৪. বুদ্ধি হল মানসিক ক্ষমতার কার্যকর ব্যবহার। কোন মনোবিজ্ঞানী এই সংজ্ঞাটি প্রদান করেন?

(ক) উইলিয়াম স্টার্ন (খ) লিয়ন থার্সটোন
(গ) ফ্রিম্যান (ঘ) স্যানন্ট্রোক

১৫. নিচের কোনটিতে সমস্যা ও প্রকল্প থাকে?

(ক) পরীক্ষণে (খ) অভীক্ষায়
(গ) আলোচনায় (ঘ) দলগত অভীক্ষায়

১৬. মেদবহুল, গোলমাল ও খাটো ব্যক্তিগণ নিচের কোন শ্রেণির?

(ক) এনডোমরফিক (খ) অ্যাথলেটিক
(গ) অ্যাসথেটিক (ঘ) পিকনিক

১৭. কাহিনি সংপ্রত্যক্ষণ অভীক্ষায় কি ধরনের ছবি সংবলিত কার্ড ব্যবহৃত হয়?

(ক) প্রাগৈতিহাসিক (খ) দ্ব্যার্থবোধক
(গ) বিশ্লেষণধর্মী (ঘ) স্পষ্ট

১৮. ক্যাটেলের মতে ব্যক্তিত্বেও সংরক্ষণ হলো-

i. বাহ্যিক সংরক্ষণ
ii. উৎস সংলক্ষণ
iii. কেন্দ্রীয় সংলক্ষণ

নিচের কোনটি সঠিক?

(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i ii ও iii

১৯. স্বাধীনতা, ন্যায়নীতি, সততা কিসের উদাহরণ?

(ক) মূল্যবোধ (খ) মনোভাব
(গ) মতামত (ঘ) পূর্বসংস্কার

২০. জনমত অনুধ্যানের জন্য কোন পদ্ধতি ব্যবহার করা হয়?

(ক) জরিপ পদ্ধতি
(খ) পরিসংখ্যান পদ্ধতি
(গ) নিয়মতান্ত্রিক পর্যবেক্ষণ পদ্ধতি
(ঘ) পরীক্ষণ পদ্ধতি

২১. বেঞ্জামিন এস. ব্রুম এর বুদ্ধির ৬টি স্তরের কথা বলেছেন তার মধ্যে ছিল-


i. জআন
ii. অনুধাবন
iii. উচ্চতর দক্ষতা

নিচের কোনটি সঠিক?

(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i ii ও iii

স্যাট একাডেমী

২২. নিচের চিত্রে কোন ধরনের দ্বন্দ্ব প্রকাশ পেয়েছে?




(ক) আকর্ষণ-আকর্ষণ (খ) আকর্ষণ-বিকর্ষণ
(গ) বিকর্ষণ-বিকর্ষণ (ঘ) দ্বিগুণ আকর্ষণ-বিকর্ষণ

২৩. সমস্যার উৎস হচ্ছে-
i. জ্ঞানের অসম্পূর্ণতা
ii. পরস্পরবিরোধী ফলাফল
iii. পূর্ববর্তী গবেষণা
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i ii ও iii

২৪. সমস্যার উৎস হচ্ছে-
i. জ্ঞানের অসম্পূর্ণতা
ii. পরস্পরবিরোধী ফলাফল
iii. পূর্ববর্তী গবেষণা
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i ii ও iii

২৫. "আমাদের হাজার হাজার মনোভাব থাকতে পারে, কিন্তু মূল্যবোধ রয়েছে কয়েক ডজন মাত্র"- কথাটি কে বলছেন?
(ক) স্কেফার (খ) গ্রিন
(গ) উইলিয়াম (ঘ) রাকিচ

২৬. সুযোগ পেলেই তমালের আকর্ষণীয় ছবি আঁকার মূল্যবোধটি হলো-
(ক) তাত্ত্বিক (খ) সামাজিক
(গ) নান্দনিক (ঘ) রাজনৈতিক

২৭. জীবের প্রতিক্রিয়াকে কোন চল বলে?
(ক) নির্ভরশীল চল (খ) অনির্ভরশীল চল
(গ) বাহ্যিক চল (ঘ) মধ্যবর্তী চল

২৮. পরিস্থিতিমূলক অভীক্ষায় দেখা হয় ব্যক্তির-
i. নেতৃত্বের গুণাবলি
ii. সততা
iii. সুস্থতা
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i ii ও iii

২৯. বিশ্ববিদ্যালয়ের ছাত্র অর্থের অভাবে পড়াশোনার খরচ চালাতে না পেরে অসামাজিক কর্মকাণ্ডে জড়িয়ে পড়ে। এটি হতাশার কোন ধরনের উৎস?
(ক) ব্যক্তিগত (খ) দ্বন্দ্ব
(গ) অত্যাধিক উচ্চাশা (ঘ) পরিবেশগত

৩০. পরীক্ষণের ধাপ হচ্ছে-
i. সমস্যা শনাক্তকরণ
ii. প্রকল্প প্রণয়ন
iii. উপাত্ত সংগ্রহ
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i ii ও iii

৩১. মনোবিজ্ঞানী শিক্ষার্থীকে কতগুলো ছবি দিয়ে একটির পর একটি এমনভাবে সাজাতে বললেন যেন একটি অর্থপূর্ণ গল্প তৈরি হয়। এটি কোন বুদ্ধি অভীক্ষায় করা হয়?
(ক) ভাষাগত (খ) কার্যসম্পাদনভিত্তিক
(গ) বিনে-সিমো (ঘ) স্ট্যানফোর্ড-বিনে

৩২. জ্ঞানের দ্বারা আধিপত্য বিস্তারের মূল্যবোধটি হলো-
(ক) ধর্মীয় (খ) অর্থনৈতিক
(গ) তাত্ত্বিক (ঘ) রাজনৈতিক

৩৩. অপরের কৃতিত্বের সাথে নিজের কৃতিত্বকে অভিন্ন মনে করাকে কী বলে?
(ক) অপস্থাপন (খ) প্রতিক্ষেপণ
(গ) একাত্মভাবন (ঘ) উদগতি

৩৪. কার্ল ইয়ুং কোন উপাদানের উপর ভিত্তি করে ব্যক্তিত্বের শ্রেণিবিন্যাস করেছেন?
(ক) মৌলিক সংলক্ষণ (খ) গৌণ সংলক্ষণ
(গ) বস্তুগত সংলক্ষণ (ঘ) মানসিক সংলক্ষণ

স্যাট একাডেমি

৩৫. বৈজ্ঞানিক পদ্ধতির উল্লেখযোগ্য দিক হলো-
i. পুনরাবৃত্তি
ii. নিয়ন্ত্রণ
iii. সাধারীকরণ
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i ii ও iii

৩৬. ওটিস অভীক্ষা কাদের ক্ষেত্রে প্রয়োগ করা হয়?
(ক) শিল্পক্ষেত্রে (খ) শিক্ষাক্ষেত্রে
(গ) যুদ্ধক্ষেত্রে (ঘ) সেনাবাহিনীতে

৩৭. রেবা প্রায়ই অস্থির থাকে। কলেজে গেলে মন খারাপ করে বসে থাকে। বাবা-মা তাকে মনোচিকিৎসকের কাছে নিয়ে যান। চিকিৎসক তাকে সর্বমোট ৫৫০টি প্রশ্নের উত্তর দিতে নির্দেশনা দেন। রেবা সত্য, মিথ্যা এবং বলতে পারি না এই তিনভাবে উত্তর দেয়। অতঃপর চিকিৎসক তার সমস্যা বুঝতে পারেন। রেবার ব্যক্তিত্ব পরিমাপের অভীক্ষাটি ছিল-
i. অপ্রক্ষেপনমূলক
ii. ব্যক্তিত্ব প্রশ্নমালা
iii. স্বাভাবিক ও অস্বভাবী ব্যক্তিত্ব পরিমাপক
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i ii ও iii

৩৮. পরীক্ষণে নিয়ন্ত্রণ বলতে মূলত কোনটির নিয়ন্ত্রণকে বুঝায়?
(ক) সমস্যা (খ) ফলাফল
(গ) উপাত্ত (ঘ) চল

৩৯. 'জলে কুমির, ডাঙ্গায় বাঘ'- কোন ধরনের দ্বন্দ্ব?
(ক) আকর্ষণ-আকর্ষণ (খ) বিকর্ষণ-বিকর্ষণ
(গ) আকর্ষণ-বিকর্ষণ (ঘ) দৈত্ব আকর্ষণ-বিকর্ষণ

৪০. মূল্যবোধ হলো-
(ক) কখনই পরিবর্তন হয় না
(খ) খুব দ্রুত পরিবর্তন হয়
(গ) ব্যক্তির কতগুলো গুণ বা বৈশিষ্ট্য
(ঘ) সমাজের আদর্শ

৪১. বোবা, বধির লোকদের বুদ্ধি পরিমাপের জন্য প্রযোজ্য অভীক্ষা কোনটি?
(ক) বিনে সিমো (খ) স্ট্যানফোর্ড বিনে
(গ) ওয়েকস্লার (ঘ) কাহিনি সংপ্রত্যক্ষণ

৪২. মূল্যবোধ গঠনের প্রধান মাধ্যম কোনটি?
(ক) সহপাঠী (খ) সমাজ ও কৃষ্টি
(গ) সমবয়সি দল (ঘ) পরিবার

৪৩. রোশাক কালির ছাপ অভীক্ষায় কতটি কার্ড রয়েছে?
(ক) ৯টি (খ) ১০টি
(গ) ১১টি (ঘ) ১২টি

৪৪. বুদ্ধ্যঙ্ক নির্ণয়ের সূত্রটি হলো-
(ক) $\frac{CA}{MA} \times 100$ (খ) $\frac{MA}{CA} \times 100$
(গ) $\frac{CA}{MA} + 100$ (ঘ) $\frac{MA}{CA} - 100$

৪৫. প্রথম ভাষাবার্জিত দলগত বুদ্ধি অভীক্ষা কোনটি?
(ক) বিনে-সিমো (খ) স্ট্যানফোর্ড বিনে
(গ) আমি আলফা (ঘ) আমি বিটা

৪৬. মূল্যবোধ কত প্রকার?
(ক) ৪ প্রকার (খ) ৬ প্রকার
(গ) ৮ প্রকার (ঘ) ১০ প্রকার

৪৭. পরীক্ষণের প্রথম ধাপ কোনটি?
(ক) চল সনাক্তকরণ (খ) চল সনাক্তকরণ
(গ) চলের নিয়ন্ত্রণ (ঘ) সমস্যা সনাক্তকরণ

৪৮. 'মূল্যবোধ হলো জ্ঞানের সঙ্গে আন্তরিক দায়বদ্ধতা' সংজ্ঞাটি কার?
(ক) গ্রিন (খ) স্কেফার
(গ) রাকিচ (ঘ) উইলিয়াম

৪৯. কোন পদ্ধতিতে জীবন বৃত্তান্ত সংগ্রহ করা হয়-
(ক) পরীক্ষণ পদ্ধতি (খ) পর্যবেক্ষণ পদ্ধতি
(গ) ঘটনা অনুধ্যান পদ্ধতি (ঘ) জরিপ পদ্ধতি

৫০. দৈহিক কর্মভার হলো-
(ক) কাজের গতি মন্থর হওয়া (খ) ধৈর্য হারিয়ে ফেলা
(গ) সজীবতা হ্রাস পাওয়া (ঘ) মনোযোগ না থাকা

স্যাট একাডেমি

৫১. "IQ" এর পূর্ণরূপ কি?

(ক) Intelligence Quotent

(খ) Intelligence Quotient

(গ) Intelligence Quotant

(ঘ) Intelligence Question

৫২. সমস্যার উৎস কোনটি?

(ক) অত্যাধিক উচ্চাশা (খ) জ্ঞানে অভাব

(গ) যুদ্ধ (ঘ) ছন্দ

৫৩. গন্ডগোল, শব্দ প্রভৃতি কোন ধরনের চল?

(ক) বাহ্যিক (খ) অভ্যন্তরীণ

(গ) নির্ভরশীল (ঘ) অনির্ভরশীল

৫৪. মনঃসমীক্ষণ মতবাদের প্রবক্তা কে?

(ক) কার্ল রজার্স (খ) কার্ল ইয়ং

(গ) আব্রাহাম মাসলো (ঘ) সিগমন্ড ফ্রয়েড

৫৫. চল কত প্রকার?

(ক) ২ প্রকার (খ) ৩ প্রকার

(গ) ৪ প্রকার (ঘ) ৫ প্রকার

৫৬. যাদের বুদ্ধ্যঙ্ক ৯০-১০৯ এর মধ্যে তারা-

(ক) নিম্ন সাধারণ (খ) উন্নত সাধারণ

(গ) প্রতিভাশালী (ঘ) সাধারণ

৫৭. সমস্যার উৎস হলো-

i. জ্ঞানের অসম্পূর্ণতা/অভাব

ii. পরস্পর বিরোধী ফলাফল

iii. পূর্ববর্তী গবেষণা

নিচের কোনটি সঠিক?

(ক) i ও ii (খ) i ও iii

(গ) ii ও iii (ঘ) i ii ও iii

৫৮. নান্দনিক মূল্যবোধ সম্পন্ন ব্যক্তিরা-

(ক) সত্যের পিছনে ছুটে চলে

(খ) সর্বদা নেতৃত্ব প্রদান করতে চায়

(গ) পরার্থপর হয়

(ঘ) সৌন্দর্যবোধের প্রতি অধিকতর পূজারী

৫৯. প্রেষণা কোন ধরনের চল?

(ক) নির্ভরশীল (খ) অনির্ভরশীল

(গ) মধ্যবর্তী (ঘ) বাহ্যিক

৬০. নিয়মতান্ত্রিক পর্যবেক্ষণের বৈশিষ্ট্য-

i. প্রাকৃতিক পরিবেশে পর্যবেক্ষণ

ii. পর্যবেক্ষণকারী কর্তৃক প্রতিবন্ধকতা সৃষ্টি না করা

iii. চলসমূহের নিয়ন্ত্রণ ব্যবস্থা অনুপস্থিত

নিচের কোনটি সঠিক?

(ক) i ও ii (খ) i ও iii

(গ) ii ও iii (ঘ) i ii ও iii

৬১. মিনোসোটা বহুমুখী প্রশ্নমালায় কতটি পদ রয়েছে?

(ক) ৫৪০টি (খ) ৫৫০টি

(গ) ৫৬০টি (ঘ) ৫৭০টি

৬২. কোন পদ্ধতিতে জীবন বৃত্তান্ত সংগ্রহ করা হয়?

(ক) চিকিৎসামূলক (খ) পরীক্ষণ

(গ) পর্যবেক্ষণ (ঘ) জরিপ

৬৩. IQ এর পূর্ণরূপ কী?

(ক) Intelligence Quotent

(খ) Intelligence Quotient

(গ) Intelligance Quotient

(ঘ) Intelligence Quotant

৬৪. WAIS এর পূর্ণরূপ কী?

(ক) Wechsler Adult Intelligence Scale

(খ) Wechsler Age Intelligence Scale

(গ) Wechsler Adult Intellectual Scale

(ঘ) Wechsler Adult Intelligence Scheme

৬৫. পঙ্গুত্ব, খাটো ইত্যাদি হতাশার কোন ধরনের উৎস?

(ক) পরিবেশগত (খ) ব্যক্তিগত

(গ) দ্বন্দ্বমূলক (ঘ) মানসিক

৬৬. কোন মূল্যবোধের ক্ষেত্রে পুরুষ মহিলাদের চেয়ে উচ্চ মানের?

(ক) সামাজিক (খ) সৌন্দর্যবোধ

(গ) তাত্ত্বিক (ঘ) ধর্মীয়

৬৭. একটি পরীক্ষণে ৩০ জন মহিলা এবং ৪০ জন পুরুষ রয়েছে। আচরণে লিঙ্গভেদে তারতম্য না করার জন্য চল নিয়ন্ত্রণের কোন কৌশল ব্যবহার করা যায়?

(ক) অপসারণ (খ) অবস্থার ধ্রুবকতা

(গ) ভারসাম্য সৃষ্টি (ঘ) দৈবায়ন

স্যাট একাডেমি

৬৮. বুদ্ধ্যঙ্ক নির্ণয়ের সূত্র কোনটি?

(ক) $\frac{CA}{MA} \times 100$ (খ) $\frac{MA}{CA} \times 100$

(গ) $\frac{CA}{MA} \div 100$ (ঘ) $\frac{MA}{CA} + 100$

৬৯. ওয়েসলারের বুদ্ধি অভীক্ষার ভাষাগত মানকের উপ অভীক্ষা-

i. তথ্য

ii. বোধ ক্ষমতা

iii. ছবি পূরণ

নিচের কোনটি সঠিক?

(ক) i ও ii (খ) i ও iii

(গ) ii ও iii (ঘ) i ii ও iii

৭০. ১৩ বছরের সামিন ১৪ বছরের জন্য তৈরি করা সব কয়টি প্রশ্নের উত্তর দিতে পারে। সামিনের মানসিক বয়স কত?

(ক) ১৫০ মাস (খ) ১৫৩ মাস

(গ) ১৫৬ মাস (ঘ) ১৬৮ মাস

৭১. শেলডনের মতবাদ অনুযায়ী কোন শ্রেণির লোকেরা খেলাধুলা পছন্দ করে এবং অন্যের উপর কর্তৃত্ব প্রতিষ্ঠা করতে চায়?

(ক) এনডোমরফিক (খ) মেসোমরফিক

(গ) একটোমরফিক (ঘ) সোমাটোটনিক

৭২. অহমকে প্রধান কার্যনির্বাহী বলার কারণ-

i. এটি ব্যক্তির বাস্তবভিত্তিক কার্যক্রম নির্ধারণ করে

ii. এটি আদিসত্তা ও অতি অহমের মধ্যে সমন্বয় সাধন করে

iii. এটি নৈতিক নীতি দ্বারা পরিচালিত হয়

নিচের কোনটি সঠিক?

(ক) i ও ii (খ) i ও iii

(গ) ii ও iii (ঘ) i ii ও iii

৭৩. কার্ল ইয়ং কোন উপাদানের উপর ভিত্তি করে ব্যক্তিত্বের শ্রেণি বিভাগ করেছেন?

(ক) মৌলিক সংলক্ষণ (খ) গৌণ সংলক্ষণ

(গ) বস্তুগত সংলক্ষণ (ঘ) মানসিক সংলক্ষণ

৭৪. মূল্যবোধের বৈশিষ্ট্য-

i. সংখ্যায় অসীম

ii. সমাজের চালিকাশক্তি

iii. স্বাধীনভাবে গঠিত

নিচের কোনটি সঠিক?

(ক) i ও ii (খ) i ও iii

(গ) ii ও iii (ঘ) i ii ও iii

৭৫. ব্যক্তির বয়স, বুদ্ধি, স্বাস্থ্য ইত্যাদি কোন ধরনের চল?

(ক) অনির্ভরশীল (খ) নির্ভরশীল

(গ) মধ্যবর্তী (ঘ) বাহ্যিক

৭৬. কোন পরীক্ষা শুরু হয় প্রশ্ন উপস্থাপনের মাধ্যমে। প্রশ্ন উপস্থাপনকে কী বলে?

(ক) চল (খ) সমস্যা

(গ) প্রকল্প (ঘ) ধারণা গঠন

৭৭. বারট্রান্ড রাসেলের মতে, প্রকল্পকে কী আকারে প্রকাশ করতে হয়?

(ক) প্রশ্ন ____উত্তর ____ (খ) সমস্যা ____ সমাধান

(গ) কেন ____ যেমন (ঘ) যদি ____ তাহলে ____

৭৮. অনির্ভরশীল চলের প্রভাব নিরূপণের জন্য পরীক্ষণপাত্রকে কয়টি দলে ভাগ করা হয়?

(ক) ২টি (খ) ৩টি

(গ) ৪টি (ঘ) ৫টি

৭৯. লটারি পদ্ধতি চল নিয়ন্ত্রণের কোন কৌশলে ব্যবহৃত হয়?

(ক) দৈবচয়ন (খ) অপসারণ

(গ) তুল্যমূল্যায়ন (ঘ) প্রতিতুল্যমূল্যায়ন

৮০. ফ্রয়েডের মতে, আমাদের নিজস্ব সত্তাটির নাম কী?

(ক) অতি অহম (খ) অহম

(গ) ইদম (ঘ) দ্বন্দ্ব

৮১. কোন মূল্যবোধের ক্ষেত্রে পুরুষরা মহিলাদের চেয়ে উচ্চমানের?

(ক) ধর্মীয় (খ) নান্দনিক

(গ) তাত্ত্বিক (ঘ) সামাজিক

স্যাট একাডেমি

৮২. কোন মূল্যবোধের ক্ষেত্রে মহিলারা পুরুষদের চেয়ে উচ্চমানের?

(ক) অর্থনৈতিক　(খ) সামাজিক

(গ) ধর্মীয়　**(ঘ)** সবগুলো সঠিক

৮৩. আমরা যা বিশ্বাস করি তার প্রকাশ হচ্ছে-

**(ক)** মতামত　(খ) ধারণা

(গ) মনোভাব　(ঘ) মূল্যবোধ

৮৪. Gowan (১৯৭২) সৃজনশীলতাকে কয়েকটি তাত্ত্বিক ধারণার প্রেক্ষিতে পর্যালোচনা করেছে। তিনি সৃজনশীলতার কয়টি দিক নির্দেশ করেছেন?

(ক) ৩টি　(খ) ৪টি

**(গ)** ৫টি　(ঘ) ৬টি

৮৫. ব্যক্তিত্বের সে সংলক্ষণগুলো ঝাঁক বেঁধে একত্রে থাকে। সেগুলোকে কী বলে?

**(ক)** বাহ্যিক　(খ) উৎস

(গ) কেন্দ্রীয়　(ঘ) মৌলিক

৮৬. প্রক্ষেপণমূলক অভীক্ষাসমূহ-

i. কাহিনী, সংপ্রত্যক্ষণ অভীক্ষা

ii. মিনেসোটা বহুমুখী ব্যক্তিত্ব অভীক্ষা

iii. রোশাক কালির ছাপ অভীক্ষা

নিচের কোনটি সঠিক?

(ক) i ও ii　**(খ)** i ও iii

(গ) ii ও iii　(ঘ) i ii ও iii

৮৭. আলপোর্ট কত সালে ব্যক্তিত্বের সংলক্ষণ মতবাদ প্রকাশ করেন?

(ক) ১৯৬০　**(খ)** ১৯৬১

(গ) ১৯৬২　(ঘ) ১৯৬৩

৮৮. ব্যক্তিত্ব পরিমাপের ক্ষেত্রে অতি সহজ ও সুবিধাজনক অভীক্ষার নাম কী?

**(ক)** পেপার-পেন্সিল　(খ) সাক্ষাৎকার

(গ) প্রশ্নমালা　(ঘ) পরিস্থিতিমূলক

৮৯. কার মতে ব্যক্তিত্ব হলো আলাদা বৈশিষ্ট্য সম্পন্ন চিন্তন, আবেগ ও আচরণ?

(ক) স্নাইডার　(খ) ম্যাকমোহন

(গ) আলপোর্ট　**(ঘ)** স্যানট্রোক

৯০. নিচের কোনটি ব্যক্তির এমন একটি অবস্থা যেখানে পরিস্থিতি তার নিয়ন্ত্রণের বাইরে থাকে?

(ক) কর্মভার　**(খ)** অসহায়ত্ব

(গ) আবেগীয় সমস্যা　(ঘ) দ্বন্দ্ব

৯১. কোন মনোবিজ্ঞানী বিভিন্ন প্রকার দ্বন্দ্বের বর্ণনা করেন?

(ক) জেমস পি পেজ　(খ) নীল মিলার

**(গ)** কার্ট লিউয়িন　(ঘ) জন, এল ভোগেল

৯২. নিচের কোনটি আর্মি আলফা অভীক্ষার উপ-অভীক্ষা?

(ক) ঘন খণ্ডের বিশ্লেষণ　(খ) জ্যামিতিক অঙ্কন

**(গ)** গাণিতিক সমস্যা　(ঘ) ধাঁধাঁ

৯৩. ওয়েকস্লার প্রণীত শিশুদের বুদ্ধি অভীক্ষা হলো-

i. WISC

ii. WAIS

iii. WPPSI

নিচের কোনটি সঠিক?

(ক) i ও ii　**(খ)** i ও iii

(গ) ii ও iii　(ঘ) i ii ও iii

**উদ্দীপকটি পড়ে প্রশ্নের উত্তর দাও**

কামাল আম ব্যবসায়ী। কিন্তু এ মৌসুমে আমের ফলন ভালো না হওয়ায় তার ব্যবসা অনেক ক্ষতির সম্মুখীন হয়। এজন্য তার মধ্যে এক ধরনের অস্বস্তিকর অবস্থা সৃষ্টি হয় যা তার আচরণকে প্রভাবিত করে?

৯৪. কামালের মধ্যে কোনটি দেখা যায়?

(ক) অসহায়ত্ব　(খ) হতাশা

**(গ)** মানসিক চাপ　(ঘ) দ্বন্দ্ব

৯৫. কামালের মধ্যে যা দেখা যায় তার বৈশিষ্ট্য-

i. জীবনকে দুর্বিষহ করে

ii. অপরাধ, আত্মহত্যার প্রবণতা সৃষ্টি করে

iii. আচরণে নেতিবাচক প্রভাব বিস্তার করে

নিচের কোনটি সঠিক?

(ক) i ও ii　(খ) i ও iii

(গ) ii ও iii　**(ঘ)** i ii ও iii

**উদ্দীপকটি পড়ে প্রশ্নের উত্তর দাও**

আজহার একজন মনোবিজ্ঞানী। তার কাছে এমন ব্যক্তি এসেছিলেন যিনি বাস্তবের সাথে সম্পর্ক স্থাপনে ব্যর্থ। এ

স্যাট একাডেমি

ধরনের অসঙ্গতি বিষয়ে রহস্য উদঘাটনের জন্য তিনি ব্যক্তির ইতিহাস, পরিবারের ইতিহাস ও বন্ধু বান্ধব এর সাথে সম্পর্ক ইত্যাদি বিষয় জেনে তার সমস্যা প্রতিকারের ব্যবস্থা করেন।

**৯৬.** আজহার মনোবিজ্ঞানের কোন বৈজ্ঞানিক পদ্ধতি ব্যবহার করেন?

(ক) পরীক্ষণ পদ্ধতি **(খ)** চিকিৎসা পদ্ধতি
(গ) পর্যবেক্ষণ পদ্ধতি (ঘ) জরিপ পদ্ধতি

**৯৭.** উদ্দীপকে আজহারের ব্যবহৃত পদ্ধতির অসুবিধা-
i. বিজ্ঞানসম্মত পদ্ধতি নয়
ii. রোগীর তথ্য সঠিকভাবে যাচাই সম্ভব নয়
iii. মানসিক রোগীর গতিপ্রকৃতি জানা যায় না
নিচের কোনটি সঠিক?

**(ক)** i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i ii ও iii

**উদ্দীপকটি পড়ে প্রশ্নের উত্তর দাও**

রহিম সাহেবের ছেলে রিয়াদের চেহারাতে বোকা বোকা ভাব। কিছু লিখতে ও পড়তে পারে। কিন্তু শিক্ষা প্রক্রিয়া অত্যন্ত শ্লথ ও কষ্টসাধ্য। তার বাকশক্তি ও শারীরিক দক্ষতায় অনেক জড়তা। রহিম সাহেব বিষয়টি নিয়ে উদ্বিগ্ন হয়ে একজন মনোবিজ্ঞানীর পরামর্শ গ্রহণ করেন।

**৯৮.** রিয়াদের যে ধরনের সমস্যা ছিল মনোবিজ্ঞানের ভাষায় তাকে কি বলে?

(ক) মৃদু বুদ্ধির প্রতিবন্ধিতা **(খ)** মধ্যম বুদ্ধির প্রতিবন্ধিতা
(গ) গুরুতর বুদ্ধি প্রতিবন্ধিতা (ঘ) চরম বুদ্ধি প্রতিবন্ধিতা

**৯৯.** উদ্দীপকে রিয়াদের উল্লিখিত সমস্যার সমাধানে করণীয়-
i. কাউন্সেলিং
ii. স্পিচ থেরাপি
iii. বিশেষ শিক্ষা ও প্রশিক্ষণ
নিচের কোনটি সঠিক?

(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii **(ঘ)** i ii ও iii

**উদ্দীপকটি পড়ে প্রশ্নের উত্তর দাও**

আরাফাত এবং সিফাত দুই ভাই। আরাফাত স্বল্পভাষী এবং নির্জনতা পছন্দ করে। সে আবার আবেগপ্রবণ ও সংবেদনশীল বটে। পক্ষান্তরে সিফাত বহির্জগত সম্পর্কে জানতে প্রচণ্ড আগ্রহী। সামাজিক মেলামেশায় ঝোঁক বেশি।

**১০০.** কোন ধরনের ব্যক্তিত্বের অধিকারী?

**(ক)** অন্তরমুখী (খ) বহুমুখী
(গ) উভয়মুখী (ঘ) অ্যাবডোমরফিক

**১০১.** সিফাতের মধ্যে লক্ষণীয়-
i. পরার্থপরতা
ii. অন্যের মঙ্গল ও উন্নতি চিন্তা করা
iii. আত্মকেন্দ্রিকতা
নিচের কোনটি সঠিক?

**(ক)** i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i ii ও iii

**উদ্দীপকটি পড়ে প্রশ্নের উত্তর দাও**

রোজিনার খুব ইচ্ছা সে ঢাকা বিশ্ববিদ্যালয়ে পড়বে। কিন্তু সে উত্তীর্ণ হতে পারল না। সে অনেক চিন্তা করে বুঝল অপর্যাপ্ত প্রস্তুতি তার ব্যর্থতার মূল কারণ। তাই সে ঠিক করল নতুন উদ্যমে পড়াশোনা করে এবার সাফল্য অর্জন করবে।

**১০২.** রোজিনার এ ধরনের উদ্যোগকে কি বলে?

(ক) সমঝোতা (খ) ক্ষতিপূরণ
**(গ)** পরিস্থিতির পুনমূল্যায়ন (ঘ) পরিস্থিতির যুক্তিপ্রদান

**১০৩.** রোজিনার মতো পরিস্থিতির ক্ষেত্রে–
i. প্রকৃত সমস্যাটি চিহ্নিত করতে হবে
ii. সর্বশক্তি প্রয়োগ করতে হবে
iii. নিজের মধ্যে প্রয়োজনীয় দক্ষতার উন্নয়ন করতে হবে
নিচের কোনটি সঠিক?

(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii **(ঘ)** i ii ও iii

**উদ্দীপকটি পড়ে প্রশ্নের উত্তর দাও**

মিতার বয়স ১৬। তার বুদ্ধ্যঙ্ক ১৩৫। গত বছর জাতীয় বিজ্ঞান মেলায় তারদল প্রথম স্থান পেয়েছে। অন্যদিকে তার চাচাত ভাই রুহির বয়স ১৮। সে ৫ম শ্রেণিতে পড়ে। তার বুদ্ধ্যঙ্ক ৬৫।

© Satt Academy

১০৪. ওয়েসলার ছক অনুযায়ী মিতার বুদ্ধ্যঙ্ক কোন স্তরের?

(ক) সাধারণ (খ) উন্নত সাধারণ

(গ) প্রতিভাশালী (ঘ) অতিপ্রতিভাশালী

১০৫. রুহির ক্ষেত্রে লক্ষ্যণীয়-

i. সামান্য লিখতে ও পড়তে পারে

ii. চেহারায় বোকা বোকা ভাব

iii. গান বাজনা করতে পারে

নিচের কোনটি সঠিক?

(ক) i ও ii (খ) i ও iii

(গ) ii ও iii (ঘ) i ii ও iii

**উদ্দীপকটি পড়ে প্রশ্নের উত্তর দাও**

নুহা মোটা গোলগাল কিন্তু তার ভাই মাহমুদুল হালকা পাতলা গড়নের।

১০৬. নুহা কোন ধরনের ব্যক্তিত্ব সম্পন্ন?

(ক) পিকনিক (খ) অ্যাসথেনিক

(গ) অ্যাথলেটিক (ঘ) মেসোমেফিক

১০৭. মাহমুদুলের ব্যক্তিত্বের বৈশিষ্ট্য হলো-

i. এরা আত্মকেন্দ্রিক

ii. সারাদেহে মেদের আধিক্য

iii. যেকোনো কাজে দ্রুত প্রতিক্রিয়া করতে পারে

নিচের কোনটি সঠিক?

(ক) i ও ii (খ) i ও iii

(গ) ii ও iii (ঘ) i ii ও iii

**উদ্দীপকটি পড়ে প্রশ্নের উত্তর দাও**

ইতির বুদ্ধ্যঙ্ক ৪০ এবং মিতির বুদ্ধ্যঙ্ক ২০ এর নিচে।

১০৮. ইতি কোন ধরনের বুদ্ধি প্রতিবন্ধী?

(ক) মৃদু বুদ্ধি প্রতিবন্ধী (খ) মধ্যম বুদ্ধি প্রতিবন্ধী

(গ) গুরুতর বুদ্ধি প্রতিবন্ধী (ঘ) চরম বুদ্ধি প্রতিবন্ধী

১০৯. মিতির ক্ষেত্রে লক্ষ্যণীয়-

i. অধিকাংশ সময় ঘুমিয়ে কাটায়

ii. আচরণ যোগ্যতা ২ বা $২\frac{১}{২}$ বছরের শিশুর মতো

iii. সামান্য পড়তে ও লিখতে পারে

নিচের কোনটি সঠিক?

(ক) i ও ii (খ) i ও iii

(গ) ii ও iii (ঘ) i ii ও iii

**উদ্দীপকটি পড়ে প্রশ্নের উত্তর দাও**

সিনহা সবসময় কিছু জানতে চায় এবং কিছু আবিষ্কার করতে চায়। সিনহার ভাই সানি খুবই মিতব্যয়ী।

১১০. সিনহা কোন মূল্যবোধের অধিকারী?

(ক) নান্দনিক (খ) সামাজিক

(গ) রাজনৈতিক (ঘ) তাত্ত্বিক

১১১. সানির মধ্যে যে মুল্যবোধ তা-

i. এরা সুন্দরের পূজারী

ii. লাভজনক কিনা তা চিন্তা করে

iii. বস্তুটির প্রয়োজনীয়তা খুঁজে বেড়ায়

নিচের কোনটি সঠিক?

(ক) i ও ii (খ) i ও iii

(গ) ii ও iii (ঘ) i ii ও iii

**উদ্দীপকটি পড়ে প্রশ্নের উত্তর দাও**




১১২. এটি কোন ধরনের মানসিক চাপ?

(ক) আকর্ষণ-বিকর্ষণ দ্বন্দ্ব

(খ) হতাশা

(গ) দ্বৈত আকর্ষণ-বিকর্ষণ দ্বন্দ্ব

(ঘ) কর্মভার

স্যাট একাডেমি

১১৩. উক্ত মানসিক চাপের বৈশিষ্ট্য হলো-
i. লক্ষ্যবস্তু একটি থাকে
ii. লক্ষ্যবস্তু একাধিক থাকে
iii. প্রতিটি লক্ষ্যবস্তুর ভালো-মন্দ উভয়ই তাকে
নিচের কোনটি সঠিক?

(ক) i ও ii  (খ) i ও iii
(গ) ii ও iii  (ঘ) i ii ও iii

**উদ্দীপকটি পড়ে প্রশ্নের উত্তর দাও**

একজন মহিলা পরপর দুটি মেয়ে সন্তান জন্মদানের পর তার তৃতীয় সন্তানটি মেয়ে হওয়ায় খুব কষ্ট পেলেও ঐ মেয়ে সন্তানকে বেশি করে আদরে ভরিয়ে তোলেন।


১১৪. উদ্দীপকে মহিলাটির কোন ধরনের আত্মরক্ষামূলক কৌশলের কথা বলা হয়েছে?

(ক) প্রতিক্রিয়া সংগঠন  (খ) অপব্যাখ্যাণ
(গ) প্রতিক্ষেপণ  (ঘ) অবদমন

১১৫. মহিলার এ রকম আচরণের কারণ-
i. অবদমিত ইচ্ছাকে অস্বীকার করার জন্য বিপরীত মনোভাব প্রকাশ
ii. নিজের ব্যর্থতার জন্য বাইরের কাউকে দায়ী করা
iii. নিজের কষ্টকে ভুলে থাকা
নিচের কোনটি সঠিক?

(ক) i ও ii  (খ) i ও iii
(গ) ii ও iii  (ঘ) i ii ও iii

**উদ্দীপকটি পড়ে প্রশ্নের উত্তর দাও**




১১৬. এটি কোন ধরনের দ্বন্দ্ব?

(ক) আকর্ষণ-আকর্ষণ দ্বন্দ্ব
(খ) বিকর্ষণ-বিকর্ষণ দ্বন্দ্ব
(গ) আকর্ষণ-বিকর্ষণ দ্বন্দ্ব
(ঘ) দ্বৈত আকর্ষণ-বিকর্ষণ দ্বন্দ্ব

১১৭. উক্ত দ্বন্দ্বের বৈশিষ্ট্য
i. লক্ষ্যবস্তু একটি থাকে
ii. লক্ষ্যবস্তু একাধিক থাকে
iii. প্রতিটি লক্ষ্যবস্তুর ভালো-মন্দ উভয় দিকই থাকে
নিচের কোনটি সঠিক?

(ক) i ও ii  (খ) i ও iii
(গ) ii ও iii  (ঘ) i ii ও iii

**উদ্দীপকটি পড়ে প্রশ্নের উত্তর দাও**

আইদা ৩য় শ্রেণিতে পড়ে। সে তার খেলার সাথীদের সাথে সময় কাঠাতে পছন্দ করে। তাদের মতামতের গুরুত্ব দেয়। পক্ষান্তরে মানামী তার শিক্ষিকার আচার-আচরণ, পোশাক, কথা বলার স্টাইল অনুসরণ করে আবার পারিপার্শ্বিক পরিবেশ থেকেও অনেক কিছু শিখে।

১১৮. উদ্দীপকে আইদার মূল্যবোধ গঠনে কোন মাধ্যমের কথা বলা হয়েছে?

(ক) পরিবার  (খ) সমবয়সী দল
(গ) সমাজ ও কৃষ্টি  (ঘ) শিক্ষা প্রতিষ্ঠান

১১৯. মানামীর মূল্যবোধ গঠনে কোন কোন মাধ্যম এর প্রভাব লক্ষণীয়?
i. পরিবার
ii. বিদ্যালয়
iii. কমিউনিটি
নিচের কোনটি সঠিক?

(ক) i ও ii  (খ) i ও iii
(গ) ii ও iii  (ঘ) i ii ও iii

**উদ্দীপকটি পড়ে প্রশ্নের উত্তর দাও**

তৃতীয় শেণির ছাত্রী নোভা সঙ্গীদল এবং খেলার সাথীদের সাথে সময় কাটাতে খুব পছন্দ করে। অন্যদিকে বিপ্লব তার শিক্ষকের আচার-আচরণ, চিন্তা-ধারা অনুসরণ করে এবং পারিপার্শ্বিক পরিবেশ থেকেও অনেক কিছু শিখে থাকে।

১২০. উদ্দীপকে নোভার মূল্যবোধ গঠনে কোন মাধ্যমের কথা বলা হয়েছে?

(ক) পরিবার  (খ) সমবয়সী দল
(গ) সমাজ ও কৃষ্টি  (ঘ) শিক্ষা প্রতিষ্ঠান

স্যাট একাডেমি

১২১. বিপ্লবের মূল্যবোধ গঠনে কোন কোন মাধ্যমের প্রভাব লক্ষণীয়?
i. পরিবার
ii. বিদ্যালয়
iii. কমিউনিটি
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii
(খ) i ও iii
(গ) ii ও iii
(ঘ) i ii ও iii

**উদ্দীপকটি পড়ে প্রশ্নের উত্তর দাও**

নীল তার বান্ধবীকে নিয়ে একটি কাজ করতে গেলো এবং সে বিফল হলো। এই বিফলতার জন্য নীলা তার বান্ধবীকে দায়ী করলো।

১২২. কোন মনোবিজ্ঞানী এ বিষয়ে গবেষণামূলক প্রতিবেদন প্রদান করেন?
(ক) ওয়াইনী-ওয়াইটেন
(খ) জি. ক্যাপ্লান
(গ) এস স্ক্যাচটার
(ঘ) আর আর সিয়ার্স

১২৩. নীলার বান্ধবীকে দায়ী করার প্রবণতা হলো-
i. প্রক্ষেপণ
ii. আত্মরক্ষার কৌশল
iii. একাত্মতা
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii
(খ) i ও iii
(গ) ii ও iii
(ঘ) i ii ও iii

**উদ্দীপকটি পড়ে প্রশ্নের উত্তর দাও**

বেশির ভাগ IQ অভীক্ষায় বণ্টনের গড় ১০০-তে এবং আদর্শ বিচ্যুতি ১৫-তে স্থাপন করা হয়। এ পদ্ধতিতে সামিহা গড়ের ঠিক এক আদর্শ বিচ্যুতি উপরের সাফল্যাঙ্ক পেয়েছে এবং নিধি গড়ের ঠিক এক আদর্শ বিচ্যুতি নিচের সাফল্যাঙ্ক পেয়েছে।

১২৪. নিধির IQ সাফল্যাঙ্ক হবে-
(ক) ৮০
(খ) ৮৫
(গ) ৯০
(ঘ) ৯৫

১২৫. সামিহার IQ সাফল্যাঙ্ক হবে-
(ক) ৮৫
(খ) ৯৫
(গ) ১০৫
(ঘ) ১১৫

স্যাট একাডেমি

✨ **ধন্যবাদ!** ✨

কোন প্রশ্নের বানান বা উত্তর ভুল থাকলে রিপোর্ট করুন | *Thank you for reading!*

আরও দেখুন: **sattacademy.com**

⚠️ Sattacademy -এর সকল কন্টেন্ট কপিরাইট আইন দ্বারা সুরক্ষিত। অনুমতি ব্যতিরেকে যেকোনো মাধ্যমে এর ব্যবহার আইনের লঙ্ঘন ও দন্ডনীয় অপরাধ

sattacademy.com | +880 1306 446390